



গণ-বিজ্ঞপ্তি

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত “অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় বীর মুক্তিযোদ্ধা শহীদ/প্রয়াত মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তানগণের নিকট হতে আবাসন বরাদ্দের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগামী ১৫.০৩.২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী :

- ১। অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা যিনি আবাসন প্রাপ্তির জন্য আবেদন করবেন তাঁর অনুকূলে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত (ওয়েব সাইটে প্রকাশিত ভারতীয় তালিকা/লালমুক্তিবর্তা অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত চূড়ান্ত তালিকা) বীর মুক্তিযোদ্ধাদের তালিকায় নাম থাকতে হবে।
- ২। যে সকল অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা, শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তান, ইতোপূর্বে ও মন্ত্রণালয় বা কোন সরকারি দপ্তর/সংস্থা হতে পুট/ফ্ল্যাট/আবাসন বরাদ্দ পাননি বা আবাসনের জন্য কোন ঋণ পাননি, তারাই আলোচ্য প্রকল্পের আওতায় আবাসন বরাদ্দ প্রাপ্তির জন্য যোগ্য হবেন এবং আবেদন করতে পারবেন।
- ৩। অসচ্ছল শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী, উপার্জনের অক্ষম প্রতিবন্ধী ও দূরারোগ্য ব্যধিতে আক্রান্ত সন্তান এবং উপার্জনে অক্ষম বিধবা/স্বামী পরিত্যক্তা/ অবিবাহিতা (বয়স্ক) কন্যা আবাসন বরাদ্দ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন। একজন শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তানের একাধিক ওয়ারিশের ক্ষেত্রে কো-শেয়ারারদের ও ৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অনাপত্তি পত্র থাকতে হবে।
- ৪। অসচ্ছল/ভূমিহীন বীর মুক্তিযোদ্ধা যিনি সম্মানী ভাতা ব্যতীত অদ্যাবধি সরকারি অন্য কোন সুযোগ-সুবিধা পাননি, বসতভিটা হিসেবে কেবলমাত্র কুঁড়ের ঘরের মালিক, স্বচ্ছল পেশায় নিয়োজিত নন কিংবা দিন মজুরি খেটে জীবিকা নির্বাহ করেন এ ধরনের অসচ্ছল/ভূমিহীন বীর মুক্তিযোদ্ধা এবং শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী/সন্তান আবেদন করতে পারবেন।
- ৫। এ সংক্রান্ত আবেদন ফরম এবং যাবতীয় তথ্য উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।
- ৬। অসম্পূর্ণ আবেদন এবং ১৫মার্চ ২০২০ খ্রিস্টাব্দ তারিখের পরে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ৭। আবেদনপত্রসমূহ উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে জমা প্রদান করতে হবে।

স্বা.
(এ, এম, জহিরুল হায়াত)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা আবাসন বরাদ্দের জন্য সুবিধাভোগী নির্বাচন কমিটি
মতলব উত্তর, চাঁদপুর

স্মারক নং-০৫.৪২.১৩৭৯.০০৪.১৮.৪৭৯.২০- ২১৪

তারিখঃ ১০-০৩-২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:

- ১। জনাব মোঃ নুরুল আমিন, মাননীয় সংসদ সদস্য, চাঁদপুর-২।
- ২। জেলা প্রশাসক, চাঁদপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মতলব উত্তর, চাঁদপুর।
- ৪। মেয়র, ছেংগারচর পৌরসভা, মতলব উত্তর, চাঁদপুর।
- ৫। উপজেলা-----কর্মকর্তা, মতলব উত্তর, চাঁদপুর।
- ৬। সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মতলব উত্তর, চাঁদপুর।
- ৭। জনাব -----
- ৮। চেয়ারম্যান ----- (সকল) ইউপি, মতলব উত্তর, চাঁদপুর।
- ৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি দপ্তর, মতলব উত্তর, চাঁদপুর। ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক,প্রেস ক্লাব, মতলব উত্তর, চাঁদপুর।
- ১১। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
মতলব উত্তর, চাঁদপুর